

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২.০০০০.২০২.১৮.০০৩.১৮- ১৮-১৬

তারিখঃ ২৮ জানুয়ারি ২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

বিষয় : অনুরূপ বাজেটের রাজস্বখাতে বাস্তবায়নায়ী “মেরামত ও সংরক্ষণ”-এর আওতায় ‘গ্রামীণ সড়ক’, ‘সেতু’ ও ‘কালভার্ট’-এর দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় ও ক্রয়চুক্তি অনুমোদনের ক্ষমতা পুনঃঅর্পণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি’র “মেরামত ও সংরক্ষণ” এর আওতায় দরপত্র প্রক্রিয়াকরণে/ ক্রয়চুক্তি অনুমোদনে গতিশীলতা আনয়ন এবং সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে ক্রয়কারী কার্যালয় প্রধানের উপর অর্পিত অনুরূপ বাজেটের রাজস্বখাতে বাস্তবায়নায়ী মেরামত ও সংরক্ষণ এর আওতায় ‘গ্রামীণ সড়ক’, ‘সেতু’ ও ‘কালভার্ট’-এর দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) ও ক্রয়চুক্তি অনুমোদনের ক্ষমতা পিপিআর, ২০০৮ এর বিধি ১৬(৫) (খ) অনুযায়ী নিম্নরূপ শর্ত সাপেক্ষে অর্পণ ও পুনঃঅর্পণ করা হলো -

বিষয়	নির্বাহী প্রকৌশলী সংশ্লিষ্ট জেলা	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সংশ্লিষ্ট অঞ্চল	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংশ্লিষ্ট বিভাগ	সদর দপ্তর
১	২	৩	৪	৬
দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় অনুমোদন	-	৫০ লক্ষ টাকা পর্যন্ত।	৫০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ৭৫ লক্ষ টাকা পর্যন্ত।	৭৫ লক্ষ টাকার উর্ধ্ব।
ক্রয়চুক্তি অনুমোদন (প্রাক্কলিত ব্যয়ের উপর)	৫০ লক্ষ টাকা পর্যন্ত।	৫০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ১০০ লক্ষ টাকা পর্যন্ত।	১০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ১৫০ লক্ষ টাকা পর্যন্ত।	১৫০ লক্ষ টাকার উর্ধ্ব।

শর্তসমূহ :

- সদর দপ্তর হতে জেলার প্রাথমিক বরাদ্দ সংশ্লিষ্ট ক্রয়কারী বরাবর জারী করবেন;
 - ক্রয়কারী পল্লি সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০১৩ এবং বাস্তবায়ন নির্দেশিকা ও বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনা অনুসরণ করে এলজিইডি’র সর্বশেষ সিডিউল অব রেটস অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করবেন। প্রস্তুতকৃত প্রাক্কলনসমূহ যথাযথ প্রক্রিয়ায় যাচাই বাছাই শেষে প্রাথমিক বরাদ্দসীমার মধ্যে থাকা সাপেক্ষে উপরোক্ত অর্পণ আদেশ অনুসারে সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সদর দপ্তর প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদন করবেন;
 - বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের ক্ষেত্রে কোটেশন ব্যতিত অন্যান্য ক্ষেত্রে প্রধান প্রকৌশলী কর্তৃক জারিকৃত অফিস আদেশ (স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮.১৫৩, তারিখ : ১৪-০৫-২০১৯ খ্রিঃ) মোতাবেক সম্পন্ন করতে হবে;
 - জরুরি রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সকল ক্ষিমের অনুমোদন সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে;
 - নন টেন্ডার আইটেম ব্যতিরেকে অনুমোদিত চুক্তিমূল্যের মধ্যে Variation প্রস্তাব স্ব স্ব ক্ষমতার মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা অনুমোদন প্রদান করবেন;
 - অনুমোদিত চুক্তিমূল্যের অতিরিক্ত যে কোন ধরনের Variation প্রস্তাব এবং ক্রয়চুক্তি অনুমোদনে সকল প্রকার উর্ধ্বদরের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী/ HOPE এর অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।
- এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(স্বাক্ষর চক্র সাদাস্য)

প্রধান-প্রকৌশলী(চলতি দায়িত্ব)

ফোন নম্বরঃ ০২-৯১২৪০২৭

ই-মেইল : ce.@lged.gov.bd

অনুলিপি :

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি ----- উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি ----- সংশ্লিষ্ট বিভাগ -----
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি ----- ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি ----- অঞ্চল, জেলা -----
- প্রকল্প পরিচালক (সকল) ----- এলজিইডি।
- নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা ----- এলজিইডি।
- উপজেলা প্রকৌশলী, এলজিইডি ----- উপজেলা, জেলা -----।